

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৮২

२৫/ ि विकि९मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২১. দেহে রক্ষমোক্ষণের স্থান

بَاب مَوْضِعِ الْحِجَامَةِ

### আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ سَعْدِ الإِسْكَافِ، عَنِ الأَصْبَغِ بْنِ نُبَاتَةَ، عَنْ عَلِيٍّ، قَالَ نَزَلَ جِبْرِيلُ عَلَى النَّبِيِّ - صلى الله عليه وسلم - بِحِجَامَةِ الأَخْدَعَيْنِ وَالْكَاهِلِ .

#### বাংলা

২/৩৪৮২। আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, জিবরাঈল (আ) ঘাড়ের দু' পাশের শিরায় এবং ঘাড়ের কাছাকাছি পিঠের ফোলা অংশে রক্ষমোক্ষণ করানোর পরামর্শ নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট আসেন।

## **English**

It was narrated that 'Ali said:

"Jibra'il came down to the Prophet (ﷺ) with (the recommendation of) cupping in the two veins at the side of the neck and the base of the neck."

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী সা'দ আল-ইসকাফ সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি খুবই দুর্বল। আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইমাম তিরমিয়ি তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২১২, ১০/২৭১ নং পৃষ্ঠা) ২. আসবাগ বিন নুবাতাহ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভর্যোগ্য নয়। আবু বাকর আল-আয়্যাশ বলেন, তিনি মিথ্যক। আবু হাতিম আর-রায়ী বলেন,



তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু নুয়ায়ম আল-আসবাহানী বলেন, তিনি মিথ্যুক। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়। ইমাম যাহাবী তাকে বর্জন করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৩৭, ৩/৩০৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন